

■■ কিতাবুল মোকাদ্দস, ইঞ্জিল শরীফ ও ঈসায়ী ধর্ম

বিভাগ/অধ্যায়ঃ ২. 'কিতাবুল মোকাদ্দস' বনাম 'তওরাত-যাবূর-ইঞ্জিল' কিতাব রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ৭. ২. ইঞ্জিলের মধ্যে ইচ্ছাকৃত সংযোজন

কিং জেমস ভার্শন অনুসারে যোহনের প্রথম পত্রের ৫/৭-৮ নিম্নরূপ: "কারণ স্বর্গে তিন জন রহিয়াছেন যাঁহারা সাক্ষ্য সংরক্ষণ করেন: পিতা, বাক্য ও পবিত্র আত্মা; এবং তাঁহারা তিন একই। এবং পৃথিবীতে তিন জন রহিয়াছেন যাঁহারা সাক্ষ্য প্রদান করেন: আত্মা, জল ও রক্ত, এবং সেই তিনের সাক্ষ্য একই। (For there are three that bear record in heaven, the Father, the Word, and the Holy Ghost; and the three are one. And there are three that bear witness in earth, the spirit, and the water, and the blood: and these three agree in one.)।"

এভাবে সহস্রাধিক বংসর বাইবেল পাঠ করা হয়েছে। এখন খৃস্টান পণ্ডিতগণ একমত যে, একথাণ্ডলি ত্রিত্ববাদ প্রতিষ্ঠার জন্য সংযোজিত। এখানে মূল কথা ছিল "তিনজন সাক্ষী রয়েছেন: আত্মা, জল ও রক্ত, এবং এ তিনজনের সাক্ষ্য একই।" ত্রিত্ববাদ প্রতিষ্ঠার জন্য বাইবেল লেখকগণ অতিরিক্ত কথাণ্ডলি সংযোজন করেন। রিভাইযড স্টান্ডার্ড ভার্শনের ভাষ্য নিম্নরূপ: There are three witnesses, the Spirit, the water and the blood; and these three agree." "বস্তুত তিনে সাক্ষ্য দিতেছেন, আত্মা, জল, ও রক্ত, এবং সেই তিনের সাক্ষ্য একই।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=11149

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন